ভোরের কাগজ

তারিখ 25 MAY 2003
পৃষ্ঠা ২ কলাম ২

## এসএসসি ও দাখিল পরীক্ষায় ফলাফল বিপর্যয়

# গাইবান্ধা জেলার ৬০টি হাইস্কুল ও মাদ্রাসার এমপিও বাতিলের নোটিশ

গাইবান্ধা প্রতিনিধি : শিক্ষকদের দায়িত্বহীনতা এবং বিগত এসএসসি ও দাখিল পরীক্ষায় ফলাফল বিপর্যয়ের অভিযোগে গাইবান্ধা জেলার ৬০টি হাইস্কুল ও মাদ্রাসার এমপিও বাতিলের নোটিশ দেওয়া হয়েছে।

শিক্ষা বিভাগ সূত্রে জানা গেছে, বিগত এসএসসি ও দাখিল পরীক্ষায় উল্লিখিত ৬০টি শিক্ষা প্রতিষ্ঠানের একজন ছাত্রও পাস করেনি। এছাড়া বিগত ৩ বছরেও ওই সব শিক্ষা প্রতিষ্ঠানের সন্তোষজনক ফলাফল (শিক্ষা অধিদপ্তর নির্ধারিত শতকরা ১০ ভাগ) অর্জিত হয়নি। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের মহাপরিচালকের নির্দেশে রংপুর অঞ্চলের উপপরিচালক তার স্মারক নং ১৭০৬/সম/৮, তাং ১-৫-২০০৩-এ ওই সব শিক্ষা প্রতিষ্ঠানের কাছে ১৫ দিনের নোটিশে ফলাফল বিপর্যয়ের ব্যাপারে সন্তোষজনক জবাব চেয়েছেন। তা না হলে তাদের এমপিও বাতিল এবং তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।

উল্লিখিত পত্রে জেলার ২০টি মাধ্যমিক বিদ্যালয় ও ৪০টি দাখিল মাদ্রাসার বিরুদ্ধে কৈফিয়ত তলব করা হয়েছে। এরমধ্যে রয়েছে সদর উপজেলায় নিজাম উদ্দিন উচ্চ বিদ্যালয়, গাইবান্ধা সিদ্দিকিয়া ত্রিমুখী সিনিয়র মাদ্রাসা, কামারজানী বণিক ফাজিল মাদ্রাসা, ঘাগোয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ উপজেলার বাজারপাড়া দাখিল মাদ্রাসা, বজরা হলদিয়া দাখিল মাদ্রাসা, চাচিয়া শ্রীপুর দাখিল মাদ্রাসা, ছয়ারকুঠি আর ওয়াহেদিয়া দাখিল মাদ্রাসা, মরুয়াদহ এইচএমকে দাখিল মাদ্রাসা, রহমানপুর এবিডিএইচ দাখিল মাদ্রাসা, সীচা শুভজান জুলেখা বালিকা দাখিল মাদ্রাসা, তেনানীপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, উত্তর শ্রীপুর আব্দুর ছাত্তার বাজারপাড়া দাখিল মাদ্রাসা, উজান বোচাগাড়ী ইলিয়াস খাঁ মোহাম্মদিয়া দাখিল মাদ্রাসা, ধুবনী, কঞ্চিবাড়ী আব্দুল হাফিজ দাখিল মাদ্রাসা, চণ্ডিপুর আলহাজ্জ মরিয়ম ফাজিল মাদ্রাসা, উমনাত কাজী তোফাজ্জল হোসেন দারুল আলিম মাদ্রাসা, বুরারঘাট মোস্তফাকুল উলুম আলিম মাদ্রাসা, বাংলাবাজার সিনিয়র দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ কারিগরি ও বাণিজ্যিক স্কুল, সতিরজান পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়, হরিপুর উচ্চ বিদ্যালয়, উত্তর রাজিবপুর বালিকা উচ্চ বিদ্যালয়, হাতিয়া উচ্চ বালিকা বিদ্যালয়, জামুনদী বালিকা উচ্চ বিদ্যালয় ও গোপাল চরণ উচ্চ বিদ্যালয়। এছাড়া সাদুল্যাপুর উপজেলার খামার দশলিয়া আলিম মাদ্রাসা, বাসুনিয়াপাড়া আইন মল্লিক দাখিল মাদ্রাসা পলাশবাড়ীতে মাঠের বাজার এবিএন ফাজিল মাদ্রাসা, মেরিরহাট ফাজিল মাদ্রাসা, দৌলতপুর দাখিল মাদ্রাসা, হরিনাথপুর পশ্চিমপাড়া দাখিল মাদ্রাসা, মায়েজাপুর রুহুল আমিন দাখিল মাদ্রাসা, মোহদীপুর দাখিল মাদ্রাসাসহ ৬টি বিদ্যালয়, গোবিন্দগঞ্জে চাঁদপাড়া আলিম মাদ্রাসা, কাঁঠালবাড়ী মোস্তাফিয়া আলিম মাদ্রাসা, শোলাগাড়ী, ঈদগাহ আলিম মাদ্রাসা, ফুলপুকুরিয়া মেহেরাজুল উলুম দাখিল মাদ্রাসা, কোমরপুর বালিকা উচ্চ বিদ্যালয়, আমতলী উচ্চ বালিকা বিদ্যালয়, বর্ধনকুঠি পাইলট উচ্চ বিদ্যালয়, বদলাগাড়ী বালিকা বিদ্যালয়, পারগয়রা বালিকা বিদ্যালয়, বোয়ালিয়া উচ্চ বিদ্যালয়, আলহাজ্জ আনছার আলী মাদ্রাসা, চকবানিক সিনিয়র ফাজিল মাদ্রাসা, আয়জাবাদ মজিদিয়া মাদ্রাসা, ছোট মরিচাগাড়ী আমিনিয়া মাদ্রাসা, চাকরিগঞ্জ এসএম মাদ্রাসা, সাঘাটা উপজেলার মুক্তিনগর মাদ্রাসা, শিবপুর ফৌজারিয়া মাদ্রাসা, সাঘাটা উপজেলার মুক্তিনগর মাদ্রাসা এবং উচ্চ বিদ্যালয় ও সিদমানের পাড়া এসইউ আলিম মাদ্রাসা এবং ফুলছড়ি উপজেলায় উদাখালী আঃ উঃ বালিকা বিদ্যালয়সহ একটি মাদ্রাসাও রয়েছে।